





স্বপ্নময়া চক্রবর্তীর কথাসেলাই

পাঠকের নকশিকথা

সম্পাদনা : সুদেষ্কা মৈত্র ।। প্রতিমা সাহা

প্রথম প্রকাশ এপ্রিল, ২০১৯ (বৈশাখ, ১৪২৬)

সোম পাবলিশিং-এর পক্ষে কানাই ধর লেন, কলকাতা ৭০০ ০১২

থেকে সর্বানী কুশারী কর্তৃক প্রকাশিত এবং

শ্রীদুর্গা প্রেস, কানাই ধর লেন, কলকাতা থেকে মুদ্রিত।

ISBN : 978-93-87751-28-6

সম্পাদকব্রমা কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক এবং সম্পাদকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই কোনওরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের (গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরুদ্ধারের সুযোগ সংবলিত তথ্য-সন্ধ্যা করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের যান্ত্রিক পদ্ধতিতে পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

অলংকরণ : সুদেষ্কা

প্রচ্ছদ পরিকল্পনা : সূশান্ত প্রধান

SWAPNAMYOY CHAKRABORTIER KATHASELAI

PATHOKER NOKSHIKATHA

edited by

Sudeshna Moitra ।। Pratima Saha

Published by SOM PUBLISHING

21, Kanai Dhar Lane, Kolkata 700 012

Ph - 8697267510

মূল্য : ৫৪৯ টাকা





১২। স্বপ্নময় চক্রবর্তীর 'পরবাসী' : এক অনামী পাঠ	পুরুষোত্তম সিংহ	১৫৫
১৩। স্বপ্নময় চক্রবর্তীর 'কান্তকবি' উপন্যাস : কবিচেতনার অবিদ্বন্দ্ব সংস্কৃতির পরিচয়	মুন্সী মহম্মদ সাইফুল আহমেদ	১৬৩
১৪। যৌনতা সত্য-উন্মোচনের আখ্যান 'হলদে গোলাপ'	তন্ময় পাঠক	১৭৪
১৫। 'হলদে গোলাপ'এর তৃতীয় সত্তা পরি ও দুলাল	সুদেষ্ণা মৈত্র	১৮৪
১৬। পাউডার কৌটোর টেলিস্কোপ : তুচ্ছতায় অমরত্বের সন্ধান	রামী চক্রবর্তী	২০১
১৭। ভেজা বারদ : চেনা বিশ্বের বর্ণমালা	শুভদীপ ত্রিপাঠী	২১২
১৮। স্বপ্নময় চক্রবর্তীর দুনিয়াদারি : একটি নিবিড় পাঠ	চম্পা মণ্ডল	২২১
১৯। 'কথাবলা পুতুল' : আখ্যান নতুন ধরনের খোঁজে	তন্ময় মালাকার	২২৮
২০। 'চার ডাক্তার' : আসলেই এক ডাক্তার	হাবিবুর রহমান	২৪১
গ। ছোটগল্প, পাঠ প্রতিক্রিয়া		
১। স্বপ্নময় : স্বপ্নের ফেরিওয়ালা	জয়শ্রী দে	২৬৭
২। স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্পে বহুমুখী প্রবণতা	শর্মিষ্ঠা পাল	৩০৭
৩। সঙ্গ-নিঃসঙ্গতায় ব্রাত্যজনের কথা : প্রসঙ্গ স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্প	তাপস মণ্ডল	৩৩৮
৪। স্বপ্নময় চক্রবর্তীর গল্প-ভূবন ও বিশ্বায়ন	চণ্ডীচরণ মুড়া	৩৪৬
৫। স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্প : প্রসঙ্গ- ভূমিসংস্কার	জুই দেবনাথ	৩৬০
৬। পরিসর-কষ্ট-গল্প-সব মেয়েদের	অনুরাধা কুতা	৩৬৫
৭। স্বপ্নময়ের গল্পবিশ্ব লোকবাহ্যায়ের প্রক্ষেপণ	সিদ্ধার্থ ঝাঁড়া	৩৮০
৮। স্বপ্নময় চক্রবর্তীর গল্পে নিম্নবর্ণীয় আখ্যান	প্রতিমা সাহা	৪১০





স্বপ্নময়ের গল্পবিশ্বে লোকবাহ্যের প্রক্ষেপণ

সিদ্ধার্থ খাঁড়া

বিচিত্র কর্মজীবনের বিচিত্র পটভূমিতে রসায়নের ছাত্রের কলমে গল্পের রসায়ণ এক অসমানা কলাকুশলতায় বিন্যস্ত হয়েছে। তার আধুনিক একুশের পাঠক তার গল্পের আখ্যানকে নতুনভাবে আন্দান করে, যেখানে জীবনের বাস্তবকে আঁকতে গিয়ে রূপকথার, লোককথা ও পুরাকথার মোটিফ ও টাইপকে এমনভাবে সম্পৃক্ত করান যে পাঠক দুটো ভিন্নধর্মী বিষয়কে অভিন্ন করে দেখতে শুরু করে। তার ছোটগল্পের মধ্যে ধরা থাকে মানুষের দৈনন্দিন জীবনের সংস্কৃতি আবহ যাকে স্বপ্নময় চক্রবর্তী ব্যাখ্যা করেন তার বিজ্ঞানঘেঁষা মন দিয়ে। একদিকে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী আর তার সঙ্গে সম্পৃক্ত তার লোকায়ন। একদিকে শিকড়ের টানে লোককৃতি আর একদিকে সময়ের স্বরের আবেদনের প্রাসঙ্গিকতায় বিজ্ঞানসম্পৃক্ত শিষ্টসংস্কৃতি তার গল্পের মধ্যে পারস্পরিক বিনিময় সাধন করেছে। ফলে পরিশীলিত আর অপরিশীলিত দুই ধরনের আচার ও সংস্কৃতি সমৃদ্ধি লাভ করেছে তার গল্প বলার সৃজনীসত্তার হাত ধরে। আজন্ম লালিত সংস্কারের কারণে লোকসংস্কৃতি তার অন্তরে তাই যতই তিনি আধুনিক হয়েছেন ততই নাগরিকতার প্রভাব তাঁর সাহিত্যে পড়েছে আর ততই তিনি লোককৃতির কাছ থেকে স্বন নিয়ে স্বচ্ছ হয়েছেন। তাই বস্তুধর্মী ও শিল্পরূপায়বগত লোকবাহ্যে সজ্জিত হয়ে তার গল্পগুলিকে এক অন্য মাত্রা দান করেছে। কাহিনির আখ্যান বা প্লট নির্মাণে, চরিত্র সৃষ্টিতে এবং শৈলীর ক্ষেত্র বিনির্মাণে এই উপাদানগুলিকে তিনি রূপগতদিক থেকে বিশ্লেষিত করেছেন।

গল্পকারের কলম উত্তর আধুনিক কিন্তু তার লেখন প্রাগাধুনিক ও আধুনিকের মিশ্রনে, বিনিময়ে এক অনন্ত সম্ভাবনামুখি। দেশলাই সেলসম্যান থেকে মেডিক্যাল রিপ্রেজেন্টেটিভ হওয়ার কারণে প্রাস্তিক, পীড়িত অবহেলিত মাটির মানুষ তার সাদা কালো বাস্তব চোখের সামনের ভেসে ওঠে। 'সর্ষে ছোলা ময়লা আটা', 'শনি', 'ক্ষমা চাইছি', 'চারণক্ষেত্র', 'নকসী কাঁথার মাঠ', 'স্বস্তায়ন', 'জিনে, জেলামজমে', 'অষ্ট চরণ বোল হটি', ও 'ডাকিনীতন্ত্র' ও লজ্জামুঠি জুড়ে লোকবাহ্যর নানাভাবে প্রতিবিম্বিত হয়েছে। গল্পের কায়া নির্মাণে এই লোকবস্তু এক অসমানা ভূমিকা পালন করে। দৈহিক ক্রিয়াধর্মী, শিল্পধর্মী, বাব্ধর্মী, প্রয়োগধর্মী ও বিশ্বাস অনুষ্ঠান

